



ST. LAWRENCE HIGH SCHOOL

A JESUIT CHRISTIAN MINORITY INSTITUTION
27, Ballygunge Circular Road, Kolkata - 700 019



Term - 2nd
Answer Worksheet - 11
Class - 2

Subject : Bengali Grammar

Date : 15.05.2020

Topic : প্রায় সমোচ্চারিত ভিন্নার্থক শব্দ ও বোধ-পরীক্ষণ

১) অর্থের পার্থক্য লেখ।

ক) শারদা - দুর্গা।

সারদা - সরস্বতী।

খ) কতক - কিছূ।

কথক - বক্তা।

গ) চিত্ত - মন।

চিত্য - অগ্নি।

ঘ) লক্ষ - সংখ্যা বিশেষ, বা দেখা।

লক্ষ্য - উদ্দেশ্য।

ঙ) ঈশ - ঈশ্বর।

ঈষ - লাঙলের ফলা।

চ) জাতি - বর্ণ, বংশ।

জাতী - মালতি ফুল।

২) সঠিক উত্তরের মাথায় (✓) চিহ্ন দাও।

ক) গঙ্গায় (বাঁন / বাণ) এসেছে।

খ) সন্ধ্যায় গ্রামে ঘরে ঘরে শঙ্খ (ধ্বনি / ধনি) হয়।

গ) এবার আমাদের পাড়ায় ধুমধাম করে (কালি / কালী) পূজো হবে।

ঘ) শীতকালে (দীন / দিন) ছোটো, রাত বড়ো।

ঙ) কোনো দিন মনে (দেশ / দ্বেষ) কোরো না।

চ) শাখায় শাখায় (চূত / চ্যুত) বুলছে।

৩) সমোচ্চারিত ভিন্নার্থক শব্দগুলি দিয়ে বাক্য রচনা কর।

ক) অন্ন

অন্য

উঃ অন্ন (ভাত) — আমরা অন্ন ছাড়া জীবনধারণ করতে পারি না।

অন্য (অপর) — তাকে অন্য দিন আসতে বলেছি।

খ) আবরণ

আভরণ

উঃ আবরণ (আচ্ছাদন) — এ আবরণের ভেতরে রহস্য আছে।

আভরণ (অলংকার) — মেয়েরা আভরণ পছন্দ করে।

৪) নীচের অংশটি পড়ে উত্তর লেখ।

বিদ্যাসাগর বর্ধমান শহর থেকে হেঁটে চলেছেন কালনার পথে। সঙ্গে রয়েছেন গিরিশচন্দ্র বিদ্যারত্ন। কালনায় তাঁরা জরুরি কাজে চলেছেন। থমকে দাঁড়ালেন বিদ্যাসাগর। রাস্তার পাশে একজন পথিক পড়ে আছে। তার কলেরা হয়েছে। কাপড় - চোপড় ময়লামাখা। তার দেহেও ময়লা। পথে কত লোক চলছে। কিন্তু সকলে নাকে মুখে কাপড় দিয়ে সরে যাচ্ছে। বিদ্যাসাগর দ্রুত এগিয়ে রোগীকে কাঁধে তুলে নিলেন।

ক) বিদ্যাসাগর কোথা থেকে কোথায় যাচ্ছিলেন?

উঃ বিদ্যাসাগর বর্ধমান শহর থেকে কালনায় যাচ্ছিলেন।

খ) বিদ্যাসাগরের সঙ্গে যিনি রয়েছেন তাঁর নাম কী?

উঃ বিদ্যাসাগরের সঙ্গে যিনি রয়েছেন তাঁর নাম গিরিশচন্দ্র বিদ্যারত্ন।

গ) বিদ্যাসাগর রোগীকে দেখে কি করলেন?

উঃ বিদ্যাসাগর রোগীকে দেখে তাড়াতাড়ি গিয়ে কাঁধে তুলে নিলেন।

ঘ) শূন্যস্থান পূরণ কর।

রাস্তার পাশে একজন পথিক পড়ে আছে। তার কলেরা হয়েছে।

ঙ) বিপরীত শব্দ লেখ : 'শহর'

শহর — গ্রাম।

চ) সমার্থক শব্দ লেখ (একটি) : 'মুখ'

মুখ — বদন।